গাংনীর গেজেটভুক্ত ১০৮ মুক্তিযোদ্ধাদের ভাতা চালুর দাবি

মেহেরপুরের গাংনী উপজেলার ১০৮ জন গেজেট ভুক্ত মুক্তিযোদ্ধাদের ভাতা চালুর দাবিতে উপজেলা চেয়ারম্যানের সাথে মতবিনিময় করেছেন বীর মুক্তিযোদ্ধারা।

আজ শনিবার দুপুরে গাংনী উপজেলা পরিষদ প্রাঙ্গণে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও উপজেলা চেয়ারম্যান এম এ খালেক।
গেজেট ভুক্ত মুক্তিযোদ্ধা নেতা আব্দুল হান্নানের সভাপতিত্বে স্থগিত কৃত প্রায় ১০৮ জন মুক্তিযোদ্ধা ও তাদের পরিবারের সদস্যরা উপস্থিত ছিলেন।

উপজেলা চেয়ারম্যান এম এ খালেক বলেন, সর্বশেষ যাছাই-বাছাইয়ের পর তাদের ভাতা বন্ধ হয়। যার ফলে স্থগিতকৃত মুক্তিযোদ্ধারা সকল কাগজপত্র আছে মর্মে জানিয়ে পূর্ণরায় ভাতা চালুর দাবিতে আমার সাথে তারা মতবিনিময় করেছেন। আমি বিষয়টি সরকারের উর্ধতনদের সাথে আলাপ-আলোচনা করে সমাধানের চেষ্টা করবো।

উল্লেখ্যঃ সর্বশেষ মুক্তিযোদ্ধা যাছাই-বাছাইয়ে গাংনী উপজেলার ১০৮ জন মুক্তিযোদ্ধাকে না মঞ্জুর করেন উপজেলা মুক্তিযোদ্ধা যাচাই বাছাই কমিটি। যার ফলে এই ১০৮ জন বীর মুক্তিযোদ্ধার ভাতা বন্ধ হয়ে যায়। উক্ত মুক্তিযোদ্ধারা দেশ স্বাধীনে গুরুত্বপুর্ন ভুমিকা রাখলেও তারা আজ অধিকার বঞ্চিত হয়ে মানবেতর জীবন যাপন করছেন।

একটা ফোনের অপেক্ষায় ছিলাম ৪টা বছর: আসিফ

বাংলা গানের যুবরাজ আসিফ আকবরের বিরুদ্ধে মামলা করেছিলেন জনপ্রিয় গায়িকা নাজমুন মুনিরা ন্যানসি। যা নিয়ে এ দুই সংগীতশিল্পীর মধ্যে দীর্ঘসময় ধরে অভিমান, দ্বন্দ্ব চলছিল।

আজ শনিবার আসিফ আকবরের এক পোস্টে বোঝা যাচ্ছে, সেই দ্বন্দ্ব, অভিমানের অবসান হতে চলেছে হয়তো।

আসিফের পোস্টকৃত ছবিতে দেখা গেল ন্যানসি ও আসিফ একসঙ্গে হাস্যজ্জ্বল কোনো এক রেস্তোরাঁয়।

আর ক্যাপশনে আসিফ জানালেন, ন্যানসির একটি ফোনকলের জন্য দীর্ঘ চার বছর অপেক্ষা করেছেন তিনি।

গায়িকা ন্যানসির ভূয়সী প্রশংসাও করেছেন আসিফ।

এ গায়ক লিখেছেন, ‘একটা ফোনের অপেক্ষায় ছিলাম চারটা বছর। অবশেষে এলো সেই কাঙ্খিত ফোন। হ্যালো বলতেই শুনলাম অনেক পছন্দের আদুরে কন্ঠটি। ভাইয়া আমি ন্যানসি বলছি… খুব ভাল লাগল ওর ফোনটা পেয়ে। দুনিয়ার সমস্ত অভিযোগ অভিমান আমার বিরুদ্ধে, শুনে আরও ভাল লাগছিলো। ন্যানসি তো আমার ছোট, আমিতো বড়, তাহলে আমার মিনিমাম ভুলের ম্যাক্সিমাম শাস্তি হওয়া উচিত।’

ন্যানসির প্রশংসা করে আসিফ লিখেছেন, ‘নাজমুন মুনিরা ন্যানসির কন্ঠ আমাদের সম্পদ। আমাকে বলল ভাইয়া আমি রাগ কমিয়ে ফেলেছি, আপনিও রাগ কমিয়ে ফেলেন। সাথে সাথেই রাজী হয়ে গেলাম। অনেকদিন পর স্নেহের ন্যানসির সাথে গল্পগানের আড্ডায় নিজেকে হালকা করে ফেলেছি।’

সবশেষ আসিফ লিখেছেন, ‘ভালো থাকো ন্যানসি, আনন্দে বাঁচো। গান গেয়ে যাও, তোমার কণ্ঠ এ দেশের মানুষের একটা আনন্দময় ভালোলাগা, আমিও সেই দলের বাইরে নই। ভালবাসা অবিরাম…’

শিখতে আসিনি জিততে এসেছি: সোহান

বাংলাদেশ দলটা তারুণ্যনির্ভর। অপেক্ষাকৃত দুর্বল প্রতিপক্ষ জিম্বাবুয়ে। কিন্তু ফরম্যাটটা যখন টি-টোয়েন্টি, আগ বাড়িয়ে অতি উচ্ছ্বাস দেখানোটা হবে ভুল।

তার ওপর অধিনায়ক নতুন। দলে নেই সাকিব আল হাসান, মাহমুদউল্লাহ রিয়াদ, মুশফিকুর রহিমদের মতো সিনিয়র কেউ।

এদিকে এই সংস্করণে রেকর্ডও সুখকর নয়। এই পটভূমিতে হারারে স্পোর্টস ক্লাব মাঠে তিন ম্যাচ সিরিজের প্রথম টি-টোয়েন্টিতে আজ স্বাগতিক জিম্বাবুয়ের মুখোমুখি হবে বাংলাদেশ।

বাংলাদেশ সময় বিকাল ৫টায় শুরু হবে ম্যাচ। একঝাঁক তরুণ নিয়ে কেমন খেলবেন? সিরিজ জয় করতে পারবেন? নাকি তরুণরা সেখানে শিখতে গেছেন, অভিজ্ঞতার ঝুলি বড় করতে গেছেন!

জবাবে টি-টোয়েন্টি ফরম্যাটের নতুন অধিনায়ক জানালেন, শিখতে নয় সিরিজ জিততে জিম্বাবুয়ে সফরে গেছে বাংলাদেশ।

ম্যাচের আগেরদিন সংবাদ সম্মেলনে দৃপ্ত কণ্ঠে নুরুল হাসান সোহান বলেন, ‘আমরা জানি (এমন দল নিয়ে) চ্যালেঞ্জের মুখে পড়তে যাচ্ছি। তবে সেই চ্যালেঞ্জ মোকাবিলায় আমরা প্রস্তুত। হয়তো এটি তরুণ দল। তবে আমরা শিখতে আসিনি, জিততে এসেছি।’

নিজের দলকে অনভিজ্ঞও মানতে নারাজ সোহান। বললেন, ‘বলতে পারেন না যে আমরা অনভিজ্ঞ দল। কারণ অনেক খেলোয়াড়ই ৬-৭ বছর ধরে খেলছে। তাই আমার মনে হয় অভিজ্ঞতা ঠিক আছে। কন্ডিশন হয়তো একটু আলাদা। তবে এটি অজুহাত হতে পারে না। আমরা আমাদের ব্র্যান্ড অব ক্রিকেট খেলতে চাই। অনেক দল আছে যারা পাওয়ার হিটিংয়ে এগিয়ে। তবে আমরা যদি বুদ্ধিদীপ্ত ক্রিকেট খেলতে পারি তাহলে সবসময়ই সুযোগ থাকবে।’

মেহেরপুরে অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারী কল্যাণ সমিতির পক্ষ থেকে মেয়রকে সংবর্ধনা

অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারী কল্যাণ সমিতি মেহেরপুর জেলা শাখার পক্ষ থেকে মেহেরপুর পৌরসভার মেয়র মাহফুজুর রহমান রিটনকে সংবর্ধনা জানানো হয়েছে।

আজ শনিবার সকালের দিকে মেহেরপুর শহরের ২ নম্বর ওয়ার্ড হালদারপাড়ায় অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারী কল্যাণ সমিতির মেহেরপুর জেলা শাখা অফিসে সংবর্ধনা অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

দ্বিতীয়বারের মতো মেহেরপুর পৌরসভার মেয়র হিসেবে নির্বাচিত হওয়ায় মাহফুজুর রহমান রিটনের হাতে ক্রেস্ট তুলে দেওয়া হয়।

এ সময় উপস্থিত ছিলেন অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারী কল্যাণ সমিতির উপদেষ্টা নূর মোহাম্মদ খান, সভাপতি হাজী মোঃ নুরুল ইসলাম, সাধারণ সম্পাদক মোয়াজ্জেম হোসেন, ভাইস চেয়ারম্যান হায়দার আলী খান, রমজান আলী, ক্যাশিয়ার আব্দুর রহমানসহ অন্যান্য অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারী বৃন্দ, মেহেরপুর পৌরসভার ২ নম্বর ওয়ার্ড কাউন্সিলর আব্দুল্লাহ আল মামুন প্রমুখ।

১০০ জনকে নিয়োগ দেবে গণ উন্নয়ন কেন্দ্র

নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করেছে বেসরকারি উন্নয়ন সংস্থা গণ উন্নয়ন কেন্দ্র। সংস্থাটিতে ‘উন্নয়ন সহযোগী’ পদে নিয়োগ দেওয়া হবে। আগ্রহী যোগ্য প্রার্থীরা আবেদন করতে পারবেন।

পদের নাম

উন্নয়ন সহযোগী (ক্ষুদ্র ঋণ কার্যক্রম)

শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা

প্রার্থীকে ন্যূনতম স্নাতক/স্নাতকোত্তর পাস হতে হবে। ক্ষুদ্রঋণ কর্মসূচীতে পিকেএসএফ-এর সহযোগী সংস্থায় মাঠ পর্যায়ের কাজে ন্যূনতম এক বছরের চলমান অভিজ্ঞতা। অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য।

কর্মস্থল

কুড়িগ্রাম, গাইবান্ধা, জয়পুরহাট, দিনাজপুর, নীলফামারী, বগুড়া, রংপুর, লালমনিরহাট।

বেতন

১৫,০০০ হতে ২০,০০০/-

আবেদন প্রক্রিয়া

আগ্রহী প্রার্থীরা সিভি ই-মেইল করতে পারবেন (recruitment@gukbd.net) এই ঠিকানায়।

আবেদনের শেষ তারিখ

২০ আগস্ট, ২০২২।

সূত্র: বিডিজবস

নানামুখী সংকটে অ্যাপলের লাভ কমেছে ১১ শতাংশ

করোনা মহামারির পর রাশিয়া-ইউক্রেন যুদ্ধকে কেন্দ্র করে নতুন করে বিশ্ব জুড়ে অর্থনৈতিক সংকট তৈরি হয়েছে। মূল্যস্ফীতি বেড়ে আকাশচুম্বী হয়েছে। এতে মানুষের জীবনযাত্রার ব্যয় বেড়ে যাওয়ার

পাশাপাশি অর্থনীতির ওপর মারাত্মক নেতিবাচক প্রভাব পড়েছে। এমন পরিস্থিতিতে ক্ষতির মুখে পড়েছে বিশ্বের বড় বড় কোম্পানি। মার্কিন প্রযুক্তি কোম্পানি অ্যাপল চলতি বছরের দ্বিতীয় প্রান্তিকে বড় অঙ্কের লাভ হারিয়েছে।

বৃহস্পতিবার অ্যাপল প্রকাশিত প্রতিবেদন এতে বলা হয়, আগের বছরের একই সময়ের তুলনায় চলতি বছরের দ্বিতীয় প্রান্তিকে কোম্পানিটির লাভ কমেছে ১১ শতাংশ। কারণ কোম্পানিটি অর্থনৈতিক অস্থিতিশীলতা, সরবরাহ সংকট ও চীনের কঠোর করোনা নীতির মধ্যেই কাজ চালিয়ে যাচ্ছে।

প্রতিবেদনে বলা হয়, কোম্পানিটি আয় করেছে ৮৩ বিলিয়ন ডলার, যা আগের বছরের একই সময়ের চেয়ে ২ শতাংশ বেশি। যদিও এটি চলতি আর্থিক বছরের মধ্যে সর্বোচ্চ পরিসংখ্যান তবে আগের বছরের চেয়ে অনেক কম। এদিকে অ্যাপল বিক্রি ও লাভে ওয়াল স্ট্রিটের পূর্বাভাসকে ছাড়িয়েছে গেছে। এ প্রতিবেদন প্রকাশের পরও কোম্পানিটির শেয়ার বেড়েছে ৪ শতাংশ।

অন্যদিকে চলতি বছরের দ্বিতীয় প্রান্তিকে যুক্তরাষ্ট্রের অর্থনীতি কমেছে শূন্য দশমিক ৯ শতাংশ। এ নিয়ে পরপর দুই প্রান্তিকে যুক্তরাষ্ট্রের অর্থনৈতিক প্রবৃদ্ধি নিম্নমুখী হলো।

যুক্তরাষ্ট্রের অর্থনীতির এ খবরটি খুবই জটিল সময়ে এসেছে। উচ্চ মূল্যস্ফীতি ও সুদের হার বৃদ্ধির ফলে দেশটির ভোক্তা ও ব্যবসায়ীরা সংগ্রাম চালিয়ে যাচ্ছে। বুধবার যুক্তরাষ্ট্রের কেন্দ্রীয় ব্যাংক তিন-চতুর্থাংশ পয়েন্ট ভিত্তিতে সুদের হার বাড়িয়েছে। সূত্র: সিএনএন

মেহেরপুরে কথা কাটাকাটিকে কেন্দ্র করে ১ কিশোর আহত

মেহেরপুর শহরের হরিসভার মেলায় কাটাকাটিকে কেন্দ্র করে এক কিশোরকে পিটিয়ে জখম করেছে কয়েকজন যুবক।

গতকাল শুক্রবার রাতে মেহেরপুর শহরের মহিলা কলেজ রোডে হরিসভার মেলায় এ ঘটনা ঘটে।

আহত কিশোর শাহীন জানান, শুক্রবার রাতে মেলায় গেলে কয়েক জন যুবকের সাথে তুচ্ছ বিয়ষ নিয়ে কথাকাটাকাটি হওয়াই জিম,রাকিব,বিপ্লব,আলী সহ বেশ কয়েকজন মিলে আমার উপর হামলা করে আমাকে পিটিয়ে আহত করে।

পরে স্থানীয়রা আহত অবস্থা আমাকে উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতালে নিয়ে আসে। আমার মাথায় ৪ টি সেলায় হয়েছে।

আহত কিশোর শাহীন হোসেন (১৬) দিঘির পাড়ার আজগর আলীর ছেলে। এবিষয়ে মেহেরপুর সদর থানায় একটি মামলা দায়ের করেছেন আহত শাহীনের বড় ভাই সেলিম হোসেন।

সদর থানার ওসি মেজবাহ উদ্দিন আহমেদ জানান, এবিষয়ে একটি লিখিত অভিযোগ পেয়েছি। বিষয়টি তদন্ত করে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

দর্শনায় নাইটগার্ডকে বেঁধে রেখে পল্লী বিদ্যুতের তিনটি ট্রান্সফরমার চুরি

দর্শনায় নাইটগার্ডকে বেঁধে রেখে পল্লী বিদ্যুতের ৩টি ট্রান্সফরমার চুরির ঘটনা ঘটেছে। গত বৃহস্পতিবার দিবাগত মধ্যরাতে দর্শনা দক্ষিণ চাঁদপুর গ্রামের ছাটাংগা মাঠে এ চুরির ঘটনা ঘটে।

এসময় চুরি কাজে বাঁধা দেওয়ায় আরাম ব্রীকসের দুই নাইটগার্ডকে বেঁধে রাখা হয়। এ চুরির ঘটনায় দর্শনা থানায় মামলা করা হয়েছে।

জানাগেছে, গত বৃহস্পতিবার দিবাগত রাত ১২ টার দিকে দর্শনা দক্ষিণ চাঁদপুর গ্রামের ছাটাংগা মাঠে ১০/১২ জনের সঙ্গবদ্ধ একদল চোর চক্র হানা দেয়। এসময় সঙ্গবদ্ধ চোরেরা সেখানে থাকা পল্লী বিদ্যুত বিভাগের একটি খুটির উপরে থাকা ট্রান্সফরমার চুরির চেষ্টা চালায়।

এতে সেখানে থাকা আরাম ব্রীকসের দুই নাইটগার্ড দর্শনা দক্ষিণ চাঁদপুর গ্রামের বিশারত (৬৫) ও চুয়াডাঙ্গা সদর উপজেলার বেগমপুর ইউনিয়নের দোস্ত গ্রামের কামাল হোসেন কামু (৪৫) চোরদের চুরি কাজে বাঁধা প্রদান করেন।

ফলে চোরেরা দুই নাইটগার্ডকে দড়ি দিয়ে বেঁধে রেখে ইট ভাটার অফিস ঘরের মধ্যে আটকে বিদ্যুত খুটির উপর থাকা ১৫ কেবি ওয়েটের ৩টি ট্রান্সফরমা চুরি করে নীচে নামিয়ে তাতে থাকা মূল্যবান জিসিসপত্র নিয়ে পালিয়ে যায়।

পরদিন সকালের দিকে কয়েকজন শ্রমিক কাজে যায় আরাম ব্রীকসে। এসময় ঘরের মধ্যে নাইটগার্ড দ্বয়কে হাত বাঁধা অবস্থায় দেখতে পেয়ে তাদেরকে মুক্ত করেন।

ঘটনার খবর পেয়ে ঘটনাস্থল পরিদর্শন করেছেন দর্শনা থানার সেকেন্ড অফিসার এস,আই আহম্মদ আলী সহ থানার অফিসার ও ফোর্স।

উলেখ্য, গত ১ মাস পূর্বে চুয়াডাঙ্গা সদর উপজেলার গড়াইটুপি ইউনিয়নের সড়াবাড়িয়া মাঠ থেকে বৈদুতিক খুটি হতে পল্লী বিদ্যুতের ২টি ট্রান্সফরমার চুরির ঘটনা ঘটে।

দর্শনা পল্লী বিদ্যুত জোনাল অফিসের ভারপ্রাপ্ত কর্মকতা (এজি,এম কম) শামীম উদ্দিন বলেন, এতে করে প্রায় ২ লক্ষাধিক টাকার ক্ষতিসাধিত হয়েছে। এ ঘটনায় দর্শনা থানায় অজ্ঞাত ১০/১২ জনের বিরুদ্ধে মামলা দায়ের করা হয়েছে।

দর্শনা থানার অফিসার ইনচার্জ এ,এইচ,এম লুৎফুল কবীর চুরির ঘটনার সত্যতা স্বীকার করে বলেন, এ বিষয়ে থানায় কেউ কোন অভিযোগ করেননি।

দামুড়হুদায় পরিবেশ দুষণের

প্রতিবাদে মানববন্ধন

দামুড়হুদায় এন-ওয়েভ এগ্রো ফুডস ফ্যাক্টারীর জেনেরেটরের শব্দ ও পরিবেশ দুষণের প্রতিবাদে মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে।
শুক্রবার বেলা ১১ টার দিকে দামুড়হুদা বাসস্ট্যান্ড চত্বরে মানববন্ধন পালন করেন ভুক্তভোগী কয়েকটি পরিবার।

এ মানববন্ধন অনুষ্ঠানে ভুক্তভোগী কাজী আমিরুল ইসলাম বলেন, দামুড়হুদা-চুয়াডাঙ্গা প্রধান সড়কের পাশেই আমার বাড়ি। আর এ বাড়ির পাশেই এন-ওয়েভ এগ্রো ফুডস ফ্যাক্টারী নামে একটি কারখানা গড়ে তোলা হয়েছে।

এ কারখানার ৫০ কেভি ক্ষমতা সম্পূর্ন জেনেরেটেরের শব্দ ও ২টি হেবি ওয়েট কন্টিনারে ফ্যাক্টারীর মালামাল তৈরীর ক্যামিক্যাল এবং রাসায়নিক দার্যদ্রব্যর দূর্গন্ধে আমি সহ আমার আসপাশের ২০টি পরিবারের বসবাসকারী লোকজন অতিষ্ঠ হয়ে পড়েছি।

সেই সাথে জেনেরেটরের শব্দে ও কম্পনে তার বসবাসকারী বসত বাড়ির ভবনে ফাটল ধরার কারণে বসবাসে ঝুকিপূর্ণ হয়ে পড়েছে। এতে করে যে কোন সময় ভবণটি ধ্বসে পরে মালামালের ক্ষয়ক্ষতি সহ প্রাণহানীর ঘটনা ঘটতে পারে।

তিনি অভিযোগে আরও জানান, তিনি সহ স্ত্রী দুজনে হার্টের রোগী। তারা দুজনে হার্ট সহ বিভিন্ন রোগে ভুগছে। সেই সাথে পরিবারের নাতি ছেলেদের পড়া লেখা সহ মানসিক বিকাশে বাধাগ্রস্থ হচ্ছে।

তাই এন-ওয়েভ এগ্রো ফুডস ফ্যাক্টারির আবাসিক এলাকায় অবৈধ্যভাবে স্থাপন করায় শব্দ ও পরিবেশ দুষণ রোধ কল্পে ও রাসায়নিক পদার্থের মজুদ বন্ধ এবং মেশিনারিজ অপসারনের অনতিবিলম্বে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণের দাবী জানান এলকাবাসি।

এ বিষয়ে এন ওয়েভ এগ্রো ফুড ফ্যাক্টরির প্রডাকশন ম্যানাজার এনামুল কবির সাংবাদিকদের বলেন আমরা মালিকের সাথে আলোচনা করেছি তবে বিদুৎতের লোডশেডিংয়ের কারনে জেনেরেটর বেশি চালানো হচ্ছে। আমরা যত দ্রত পারি জেনেরেটর সরিয়ে নেব।

মুজিবনগরে স্বেচ্ছাসেবি সংগঠন আনন্দবাস ব্লাড ব্যাংকের যাত্রা শুরু

মুজিবনগর উপজেলার আনন্দবাস গ্রামে আনন্দবাস যুব সমাজের উদ্যোগে আনন্দবাস ব্লাড ব্যাংক নামের একটি স্বেচ্ছাসেবি সংগঠন যাত্রা শুরু করেছে ।

শুক্রবার বিকালে আনন্দবাস বালিকা বিদ্যালয়ে মাঠে অনুষ্ঠিত এক আলোচনা সভার মধ্যে দিয়ে হাফিজুর রহমানকে সভাপতি ও সাদ্দাম হোসেনকে সাধারন সম্পাদক করে ১৫ সদস্য বিশিষ্ট ব্লাড ব্যাংকের কমিটি ঘোষনা করার মাধ্যদিয়ে সংগঠনটির যাত্রা শুরু হয়েছে। আনন্দবাস মিয়া মুনসুর এম এম একাডেমির সহকারী শিক্ষক রমজান আলী এ সংগঠনের শুভ উদ্বোধন ঘোষনা করেন।

এ সময় তিনি বলেন,আমরা যারা রক্তদান করার লক্ষে খাতায় নাম লিখিয়েছি শুধুমাত্র সেটা দায়বদ্ধতার খাতিরে নাম লেখালে হবে না। মনপ্রান দিয়ে যেকনো মানুষের বিপদে পাশে দাড়াতে হবে।

উক্ত অনুষ্ঠানে অন্যদের মধ্যে এনামুল হক,আমিনুল ইসলাম, নাহিদ ইসলাম, তুহিন রেজা, সোহাগ আলী, ফরহাদ হোসেন, সাজিদুল ইসলাম, সবুজ রানা, ত্ষুার আলী, আরিফ হোসেন, সুমন আলী, সাদ্দাম হোসেন উপস্থিত ছিলেন।

আলোচনা সভা শেষে গ্রামের সাধারন জনগনকে রক্তদানে উৎসাহিত করার লক্ষে মটরসাইকেল র্যালী বের করা হয়।